

**2 0 2 2**

**ADVANCE BENGALI**

*Full Marks : 100*

*Pass Marks : 30*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks for the questions*

**ALLOTMENT OF MARKS**

Q. No. 1 carries 1 mark	1×12 = 12
Q. No. 2 carries 2 marks	2×12 = 24
Q. Nos. 3 & 4 carry 8 marks	8×2 = 16
Q. No. 5 carries 4 marks	= 4
Q. No. 6 carries 7 marks	= 7
Q. No. 7 carries 8 marks	= 8
Q. No. 8 carries 7 marks	= 7
Q. No. 9 carries 10 marks	= 10
Q. No. 10 carries 4 marks	4×3 = 12
	<hr/>
	<b>Total = 100</b>

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১২=১২

- (ক) ফেলনা কার পুত্র ছিল ?  
 (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেছিলেন ?  
 (গ) “কি \_\_\_\_\_ নটবর গৌর কিশোর।” (শূন্যস্থান পূর্ণ করো)  
 (ঘ) ভারতচন্দ্র রায়গুণাকর কার রাজসভার সভাকবি ছিলেন ?  
 (ঙ) “দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।” বক্তা কে ?  
 (চ) ‘ছাড়পত্র’, ‘ঘুম নেই’, ‘মিঠেকড়া’— কাব্যগ্রন্থগুলির কবি কে ?  
 (ছ) বৈষ্ণব পদসাহিত্য রচনাকারদের মধ্যে কাকে ‘দ্বিতীয় বিদ্যাপতি’ বলা হয় ?  
 (জ) ‘কাবুলিওয়ালা’ গল্পটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল ?  
 (ঝ) গুরুচরণ কার ছাত্র ছিলেন ?  
 (ঞ) ‘চর্যাপদ’-এর আবিষ্কারক কে ?  
 (ট) কাশীরাম দাসের জন্মস্থান কোথায় ?  
 (ঠ) নন্দাদেবী কার অপর নাম ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

- (ক) এপিক কাকে বলে ? ‘রামায়ণ’ কি যথার্থ এপিকধর্মী কাব্য ?  
 (খ) “এই শৃঙ্গে উঠিলেই তোমার অভীষ্ট সিদ্ধ হইবে।” কে বলেছিল ? অভীষ্টটি কী ?  
 (গ) “বাই জোড! লোকটাকে কেমন ঠেসে ধরেছিলুম।” বক্তা কে ? লোকটিই-বা কে ?  
 (ঘ) কে, কাকে ‘বোতামবিহীন ছেঁড়া শার্ট’ আর ‘ফুসফুস-ভরা হাসি’ দিয়েছেন ?  
 (ঙ) রূপকথার রচয়িতার কোনো নামকরণ হয়নি কেন ?  
 (চ) আরাকান রাজসভার দুজন কবির নামোল্লেখ করো।  
 (ছ) ‘মঙ্গলকাব্য’-এর ‘মঙ্গল’ শব্দের অর্থ কী ?  
 (জ) সুনীল গঙ্গোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।  
 (ঝ) “দৈন্যের দায়ে বেচিব সে মায়ে এমনি লক্ষ্মীছাড়া!” কে, কাকে বলেছে ?  
 (ঞ) ‘মৈথিল কোকিল’ কে ? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন ?  
 (ট) যে কোনো দুজন শাক্ত গীতিকারের নামোল্লেখ করো।  
 (ঠ) টীকা লেখো :

সরযু

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

8

“আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে—  
 তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।”

অথবা

“নীরদ-নয়ন- নীর-ঘন-সিঞ্চনে  
 পুলক-মুকুল-অবলম্ব।  
 স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত  
 বিকশিত ভাব-কদম্ব ॥”

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

8

‘সনেট’ কবিতাটির প্রথম অংশের সঙ্গে দ্বিতীয় অংশের কোনো মিল আছে কি ? আলোচনা করো।

অথবা

‘ভাগীরথীর উৎস সন্ধান’ রচনাটিতে আচার্য জগদীশচন্দ্র বসুর সৌন্দর্যপ্ৰীতির যে পরিচয় পাওয়া যায় তা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

8

“জিজ্ঞাসা করিলাম, ‘কোথা হইতে আসিয়াছ নদী?’ নদী সেই পুরাতন স্বরে উত্তর করিল, ‘মহাদেবের জটা হইতে।’”

অথবা

“আমরা বিদেশী, আমরা নিশ্চয় বলিতে পারি না গ্রীস ও রোম তাহার সমস্ত প্রকৃতিকে তাহার দুই কাব্যে প্রকাশ করিতে পারিয়াছে কি না, কিন্তু ইহা নিশ্চয় যে ভারতবর্ষ রামায়ণ-মহাভারতে আপনাকে আর কিছুই বাকি রাখে নাই।”

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

8

বরদাসুন্দরীর চরিত্র চিত্রণ করো।

অথবা

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ‘রাজধর্ম’ পাঠটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

৫। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

৪

(ক) “রামায়ণের প্রধান বিশেষত্ব এই যে, তাহা ঘরের কথাকেই অত্যন্ত বৃহৎ করিয়া দেখাইয়াছে।”

অথবা

(খ) “রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ—ইহার অলীকতা ও অবাস্তবতা।”

৬। (ক) ‘গৌরাঙ্গ-বিষয়ক পদ’ কবিতাটি অনুসরণে শ্রীগৌরাঙ্গের রূপমূর্তির একটি ভাষাচিত্র অঙ্কন করো।

৭

অথবা

(খ) ‘দুই বিঘা জমি’ কবিতার বিষয়বস্তু সংক্ষেপে বিবৃত করে এর নামকরণের সার্থকতা বিচার করো।

৭। (ক) ‘রামায়ণ’ প্রবন্ধে রবীন্দ্রনাথের মূল বক্তব্যের সারসংক্ষেপ করো।

৮

অথবা

(খ) রূপকথায় আমাদের বঙ্গদেশের যে সামাজিক ও পারিবারিক ছবি পাওয়া যায় তার পরিচয় দাও।

৮। (ক) ‘সুদূরের আহ্বান’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? এই আহ্বানে কবি কীভাবে সাড়া দিতে চেয়েছেন?

৭

অথবা

(খ) ‘উত্তরাধিকার’ কবিতায় কবি কাকে, কেন এবং কীসের উত্তরাধিকারী করতে চেয়েছেন, কবিতাটি অনুসরণে বিস্তারিতভাবে আলোচনা করো।

৯। (ক) বাংলা সাহিত্যে ‘চর্যাঙ্গীতি’র ঐতিহাসিক ও সাহিত্যিক মূল্য নির্ধারণ করো।

১০

অথবা

(খ) ‘মনসামঙ্গল’ কাব্যের কাহিনিটি সংক্ষেপে বিবৃত করো। এই ধারার যে কোনো একজন কবির কৃতিত্ব আলোচনা করো।

১০। টীকা লেখো (যে কোনো তিনটি) :

৪×৩=১২

চণ্ডীদাস ; ‘ভাগবত’ ; ‘গোবিন্দদাসের কড়চা’ ; মালাধর বসু ; ফকির লালন শাহ ; ভারতচন্দ্র ; রূপরাম চক্রবর্তী।

\*\*\*